

বিজয় দিবস বঙ্গবন্ধু কাপ ফুটবলে বিকেএসপি চ্যাম্পিয়ন



বিকেএসপি আয়োজিত ৫দিন ব্যাপী বিজয় দিবস বঙ্গবন্ধু কাপ অনূর্ধ্ব-১৮ ফুটবল টুর্নামেন্টে বিকেএসপি চ্যাম্পিয়ন। আজকের (৪ জানুয়ারি) ফাইনাল খেলায় বিকেএসপি ২-১ গোলে সাইফ স্পোর্টিং ক্লাবকে পরাজিত করে চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করে। খেলার প্রথমার্ধে সাইফের ইমন গোল করে দলকে এগিয়ে নিয়ে যায়। পরবর্তীতে বিকেএসপির জয়নাল আবেদিন দিপু গোল পরিশোধ করে দলকে খেলায় ফিরিয়ে আনেন। প্রথমার্ধ ১-১ গোলে শেষ হয়। দ্বিতীয়ার্ধে তুমুল প্রতিদ্বন্দ্বীতাপূর্ণ খেলায় বিকেএসপির আল মিরাদ জয় সূচক গোল করে দলকে জয় উপহার দেন। খেলা শেষে টুর্নামেন্টের প্রধান অতিথি যুব ও ক্রীড়া মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সদস্য এডভোকেট জাকিয়া তাবাসসুম জুঁই, এমপি বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। টুর্নামেন্ট সেরা খেলোয়াড়ের পুরস্কার পান বিকেএসপির মো. আকাশ ও সর্বোচ্চ গোলদাতার পুরস্কার অর্জন করেন সাইফ স্পোর্টিং ক্লাবের ইমন। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব জনাব মো. আখতার হোসেন, মন্ত্রণালয়ের উচ্চপদস্থ কর্মকর্তা, সাইফ স্পোর্টিং ক্লাবের ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিনিয়ার মো. নাসির উদ্দিন ও বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. রাশীদুল হাসান। টুর্নামেন্টে মোট ৮টি দল